তথ্য সচিবের দপ্তর
ডায়েরি নং- ২৯ তারিখ: ১৬/১০
☐ অতিরিক্ত সচিব
☐ অতিরিক্ত সচিব (প্র) / সম্প্র) / (উ)
সচিব মহোদয়ের নির্দেশ ক্রমে প্রেরিত।
সচিবের একান্ত সচিব


# জাতীয় গ্রন্থকেন্দ্র

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

৫/সি বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০

ফোন-৯৫৫৫৭৪৩, ফ্যাক্স-৯৫৭২২১১

Email: granthakendro.org@gmail.com web: www.nbc.org.bd


নং- ৪৩.২৭.০০০০.১০৭.২০.১৯৬.১৯. ৯৯ তারিখ: ১৪ অক্টোবর ২০১৯

বিষয়: বেসরকারি গ্রন্থাগারে অনুদান প্রদানের নিমিত্ত বিজ্ঞাপন ও আবেদন ফরম ওয়েবসাইটে প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে ২০১৯-২০ অর্থবছরে বেসরকারি গ্রন্থাগারসমূহকে অনুদান প্রদানের নিমিত্ত বেসরকারি গ্রন্থাগারসমূহের নিকট হতে দরখাস্ত আহ্বান করে একটি বিজ্ঞাপন এবং অনুদান হিসেবে প্রদানের নিমিত্ত গ্রন্থ ক্রয়ের জন্য প্রকাশনা প্রতিষ্ঠান/লেখক-প্রকাশকের নিকট হতে গ্রন্থ-তালিকা সংগ্রহের জন্য আরও একটি বিজ্ঞাপন প্রকাশ করা হচ্ছে। প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত এসংক্রান্ত নীতিমালা অনুযায়ী বর্ণিত দুটি বিজ্ঞাপন ও অনুদানের আবেদনের জন্য নির্ধারিত ফরম সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয় এবং জাতীয় গ্রন্থকেন্দ্রের ওয়েবসাইটে প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে।

এমতাবস্থায়, বর্ণিত দু'টি বিজ্ঞাপনের কপি ও অনুদানের জন্য নির্ধারিত আবেদন ফরমের কপি এসঙ্গে সংযুক্ত করা হলো এবং তথ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের নিমিত্ত মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সদয় নির্দেশনা প্রদানের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

সংযুক্তি: বিজ্ঞাপন (দু'টি) ও আবেদনের জন্য নির্ধারিত ফরমের কপি।

১৪/১০/১৯
(মিনার মনসুর)
পরিচালক

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

তথ্য মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (প্র: ও চ:) এর দপ্তর
ডায়েরি নং: ১০৪৭ তারিখ: ২৭/১০/১৯
☐ যুগ্মসচিব (প্র: ও চ:)/(বাজেট)
☐ উপসচিব (প্র৩/প্র:২/প্র:৩)/আইন কর্মকর্তা
☐ সিস্টেম অ্যানালিস্ট
☐ ব্যক্তিগত কর্মকর্তা
অতিরিক্ত সচিব (প্র: ও চ:)

# জাতীয় গ্রন্থকেন্দ্র

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৫/সি, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০
পিএবিএক্স (অটো) : ৯৫৫৫৭৪৩; ৯৫৬৬৩২৬, ফ্যাক্স : ৯৫৭২২১১
E-mail: granthakendro.org@gmail.com
web: www.nbc.org.bd


## বেসরকারি গ্রন্থাগারে অনুদানের জন্য দরখাস্ত আহবান

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আবর্তক ব্যয় খাতে বরাদ্দকৃত অর্থ থেকে ২০১৯-২০ অর্থবছরের জন্য বেসরকারি গ্রন্থাগারসমূহে অনুদান প্রদানের নিমিত্ত দেশের সকল পর্যায়ের নিবন্ধিত/তালিকাভুক্ত বেসরকারি গ্রন্থাগারের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে।

### নিয়মাবলি

(ক) আগ্রহী গ্রন্থাগারসমূহকে অনুদানের জন্য নির্ধারিত ফরমে যথানিয়মে আবেদন করতে হবে এবং ফরমে চাহিত তথ্যসমূহ এবং উল্লিখিত শর্তাবলি যথাযথভাবে পূরণ করতে হবে।

(খ) আবেদন ফরম সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.moca.gov.bd, তথ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.moi.gov.bd এবং জাতীয় গ্রন্থকেন্দ্রের ওয়েবসাইট www.nbc.org.bd হতে ডাউনলোড করে নিতে হবে।

(গ) নির্ধারিত ওয়েবসাইট হতে আবেদন ফরম ডাউনলোড করে প্রার্থীগণকে আবেদন করতে হবে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং জাতীয় গ্রন্থকেন্দ্র থেকে আবেদন ফরমের হার্ডকপি সরবরাহ করা হবে না। আবেদন অনলাইনে দাখিল করা যাবে।

(ঘ) যে গ্রন্থাগারের জন্য আবেদন করা হবে তার রেজিস্ট্রেশন/তালিকাভুক্তির সনদের সত্যায়িত কপি আবেদনপত্রের সঙ্গে অবশ্যই সংযুক্ত করতে হবে।

(ঙ) পূরণকৃত আবেদন ফরম যথাযথভাবে সংশ্লিষ্ট জেলা প্রশাসক (মেট্রোপলিটন এলাকার জন্য)/উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রত্যয়িত হতে হবে।

(চ) সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার গ্রন্থাগারসমূহের অস্তিত্ব ও কার্যক্রম সম্পর্কে নিশ্চিত হয়ে আবেদন ফরম প্রত্যয়ন করবেন।

(ছ) আবেদন ফরমের নির্ধারিত স্থানে স্থানীয় মাননীয় সংসদ সদস্য/ উপজেলা পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়রের সুপারিশ থাকতে হবে।

(জ) আবেদনপত্রের সঙ্গে আবেদনকারীর (গ্রন্থাগারের সভাপতি/সাধারণ সম্পাদক) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

(ঝ) নির্ধারিত ফরম ব্যতীত অন্য কোনো ফরমে আবেদন করা হলে অথবা আবেদন ফরম আংশিক পূরণকৃত হলে অথবা মিথ্যা তথ্য প্রদান করা হলে এবং আবেদন স্থানীয় প্রশাসন কর্তৃক যথাযথভাবে প্রত্যয়নকৃত না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(ঞ) আবেদনপত্র ০৭ নভেম্বর ২০১৯ তারিখের মধ্যে সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ভবন-৬ (লেভেল ১০), ঢাকা ১০০০ বরাবরে পাঠাতে হবে।

(ট) শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মক্তব, মন্দির, এতিমখানা কিংবা এনজিও কর্তৃক পরিচালিত কোনো গ্রন্থাগার এই অনুদানের আওতায় আসবে না।

(ঠ) গ্রন্থাগারের ব্যাংক হিসাব নম্বরের অনুকূলে অনুদানের চেক প্রদান করা হবে– বিধায় আবেদনপত্রের নির্ধারিত স্থানে ব্যাংক হিসাব নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে। গ্রন্থাগারের ব্যাংক হিসাব নম্বর না থাকলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, গ্রন্থাগারটি যে উপজেলায় অবস্থিত সে উপজেলায় অবস্থিত ব্যাংক ব্যতীত অন্য কোনো এলাকার ব্যাংক হিসাব নম্বর গ্রহণযোগ্য হবে না।

(ড) পূর্ববর্তী বছরে প্রাপ্ত অনুরূপ সরকারি অনুদানের অর্থের ব্যয়বিবরণী প্রামাণ্য কাগজপত্রসহ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

(মিনার মনসুর)
পরিচালক
জাতীয় গ্রন্থকেন্দ্র

# জাতীয় গ্রন্থকেন্দ্র

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৫/সি, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০
পিএবিএক্স (অটো) : ৯৫৫৫৭৪৩; ৯৫৬৬৩২৬, ফ্যাক্স : ৯৫৭২২১১
E-mail: granthakendro.org@gmail.com web: www.nbc.org.bd


## পুস্তক ক্রয়ের জন্য গ্রন্থ-তালিকা আহবান

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থবছরের আবর্তক ব্যয় খাত থেকে নির্বাচিত বেসরকারি গ্রন্থাগারসমূহকে জাতীয় গ্রন্থকেন্দ্রের মাধ্যমে অনুদান হিসেবে সরবরাহের নিমিত্ত গ্রন্থ সংগ্রহের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে 'বেসরকারি গ্রন্থাগারে অনুদান বরাদ্দ এবং বই নির্বাচন সরবরাহ-সংক্রান্ত নীতিমালা ২০১৯' এর আলোকে গ্রন্থ সরবরাহ করতে আগ্রহী প্রকাশনা প্রতিষ্ঠান/লেখক-প্রকাশককে নিম্নোক্ত শর্তাদি অনুসরণে গ্রন্থ-তালিকা আগামী ০৭ নভেম্বর ২০১৯ তারিখের মধ্যে পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র (৫/সি, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা- ১০০০) এর দপ্তরে জমা প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।

### নিয়মাবলি

(ক) জমাকৃত তালিকার একটি সিডি অবশ্যই MS Word Format; Table-এ Column, Rows; Nicosh/SutonnyMJ; Font 14-এ হতে হবে। উল্লেখ্য, MS Excel, Access কিংবা Illustrator-এ করা তালিকার সিডি গ্রহণযোগ্য নয়। তালিকা তৈরিতে Header and Footer; Bullets and Numbering ব্যবহার করা যাবে না। উক্ত সিডিসহ ১২ (বার) সেট তালিকা জমা দিতে হবে। সিডি ব্যতীত কোনো তালিকা গ্রহণ করা হবে না;

(খ) গ্রন্থ-তালিকার সঙ্গে প্রতিটি শিরোনামের এক কপি করে গ্রন্থ (ফেরতযোগ্য) নমুনা হিসেবে অবশ্যই জমা প্রদান করতে হবে;

(গ) তালিকাভুক্ত গ্রন্থ অক্টোবর ২০১৭ হতে সেপ্টেম্বর ২০১৯ সময়ের মধ্যে বাংলাদেশে প্রকাশিত হতে হবে;

(ঘ) তালিকার সঙ্গে প্রকাশনা প্রতিষ্ঠানের সত্যায়িত ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর প্রদানের সনদপত্র, লেখকের সম্মতিপত্র/লেখকের সাথে প্রকাশকের চুক্তিপত্রের কপি এবং স্বত্বাধিকারীর পাসপোর্ট সাইজের এক কপি ছবি প্রদান করতে হবে। ব্যক্তিগত প্রকাশনার ক্ষেত্রে ব্যক্তির আয়কর সনদ প্রদান করতে হবে;

(ঙ) প্রতিটি প্রকাশনা প্রতিষ্ঠানের গ্রন্থ-তালিকায় সর্বোচ্চ ৩০টি গ্রন্থের তালিকা/তথ্য প্রদান করা যাবে;

(চ) বিগত অর্থবছরে যেসব গ্রন্থ নির্বাচিত হয়েছে সেসব গ্রন্থ সরবরাহকৃত তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না;

(ছ) সরবরাহকৃত গ্রন্থ-তালিকায় বর্ণিত গ্রন্থের কাগজ অন্যূন ৭০ গ্রাম অফসেট, হার্ড বাইন্ডিং এবং কমপক্ষে তিন ফর্মাবিশিষ্ট হতে হবে।

(জ) তালিকায় কপিরাইট আইন-পরিপন্থী, পাইরেটেড কোনো গ্রন্থ থাকলে প্রকাশনা প্রতিষ্ঠানকে নির্বাচন তালিকা থেকে বাদ দেয়াসহ আইনগত ব্যবস্থা নেয়া হবে।

(ঝ) আগ্রহী প্রকাশনা প্রতিষ্ঠান কেবল মূল প্রতিষ্ঠানের গ্রন্থ-তালিকা সরবরাহ করতে পারবে এবং তার সহযোগী প্রতিষ্ঠানের গ্রন্থের তালিকা জমা দিতে পারবে না।

(ঞ) নিম্নোক্ত ছক অনুসরণে সঠিকভাবে তথ্যাদি উপস্থাপন করতে হবে। কোনোভাবেই 'ছক' পরিবর্তন করা যাবে না।

| ক্রমিক নং | লেখকের নাম | গ্রন্থের নাম | প্রকাশকের নাম, ঠিকানা, সেলফোন | গ্রন্থ প্রকাশের তারিখ | লেখকের সম্মতিপত্র/লেখকের সাথে প্রকাশকের চুক্তিপত্রের কপি | মূল্য | কাগজের ধরন | পৃষ্ঠা সংখ্যা | বিষয় | ISBN | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

(মিনার মনসুর)
পরিচালক
জাতীয় গ্রন্থকেন্দ্র

বিক্রয়ের জন্য নয়

গ্রন্থাগারে অনুদানের আবেদন ফরম

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
## বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**বিষয় : ২০১৯-২০২০ অর্থবছরের বেসরকারি গ্রন্থাগারে অনুদান প্রদানের জন্য আবেদন।**

| ক্র.নং | বিবরণ | প্রদত্ত তথ্যাদি |
|---|---|---|
| ১. | (ক) গ্রন্থাগারের নাম ও পূর্ণ ঠিকানা (পোস্ট কোড নম্বরসহ)<br>(খ) প্রতিষ্ঠার সাল ও তারিখ | ক)<br>খ) |
| ২. | রেজিস্ট্রিকৃত/তালিকাভুক্ত হয়ে থাকলে তা যে দপ্তর/অফিস থেকে করা হয়েছে<br>(ক) তার নাম<br>(খ) রেজিস্ট্রেশন/তালিকাভুক্তি নং ও তারিখ (সত্যায়িত ফটোকপি সংযোজন করতে হবে) | ক)<br>খ) |
| ৩. | গ্রন্থাগারের নিজস্ব ঘর / দালান আছে কি না? | □ হ্যাঁ /□ না [সঠিক স্থানে টিক ( ) চিহ্ন দিন] |
| ৪. | (উত্তর না-বোধক হলে) গ্রন্থাগারের কার্যক্রম কোথায় পরিচালিত হয়? | |
| ৫. | গ্রন্থাগারের পরিচালনা কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম ও ঠিকানা<br>(ক) সভাপতি<br>(খ) সাধারণ সম্পাদক | ক)<br>খ) |
| ৬. | গ্রন্থাগারের ব্যাংক হিসাব সম্পর্কিত তথ্য | ক) হিসাবের শিরোনাম :<br>খ) হিসাব নং :<br>গ) ব্যাংকের নাম :<br>ঘ) শাখার নাম :<br>ঙ) উপজেলার নাম :<br>চ) জেলার নাম : |
| ৭. | গ্রন্থাগারের কোনো গঠনতন্ত্র আছে কি না? থাকলে তার সত্যায়িত কপি সংযোজন করতে হবে। | □ হ্যাঁ /□ না (সঠিক স্থানে ( √ ) চিহ্ন দিন) |
| ৮. | সরকারি / বেসরকারি / বিদেশি সংস্থা থেকে গত বছর কোনো আর্থিক অনুদান পেয়ে থাকলে দাতাসংস্থার নামসহ অর্থের পরিমাণ | |
| ৯. | গত বছর সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে অনুদান পেলে তার পরিমাণ কত ? | |
| ১০. | গত আর্থিক বছরে প্রাপ্ত সরকারি অনুদানের অর্থের ব্যয় বিবরণী প্রামাণ্য কাগজপত্র ও ছবিসহ সংযুক্ত করতে হবে। | |
| ১১. | গত ১ বছরে গ্রন্থাগারের কার্যক্রম–<br>ক) বইপাঠ প্রতিযোগিতার বিবরণ<br>খ) অন্যান্য | ক)<br>খ) |
| ১২. | বর্তমানে গ্রন্থাগারে সর্বমোট বইয়ের সংখ্যা | |
| ১৩. | গত বছর সংগৃহীত বইয়ের সংখ্যা ও তার মূল্য | |
| ১৪. | পাঠকের জন্য গ্রন্থাগারে দৈনিক পত্রিকা ও সাময়িকী রাখা হলে তার সংখ্যা / নাম : | |
| ১৫. | গ্রন্থাগারে প্রতিদিন উপস্থিত গড় পাঠকের সংখ্যা | |

অপর পাতায় দ্রষ্টব্য

| | | |
|---|---|---|
| ১৬. | চলতি বছরে (প্রস্তাবিত বাজেটে) প্রত্যাশিত মোট আয়-<br>ক) বেসরকারি সহায়তা<br>খ) সরকারি অনুদান<br>গ) নিজস্ব আয় (যদি থাকে)<br>ঘ) সদস্য / পাঠকচাঁদা | <br>ক)<br>খ)<br>গ)<br>ঘ) |
| ১৭. | গ্রন্থাগারে ব্যয়ের খাতসমূহ-<br>ক) গ্রন্থাগারিক / অন্যান্য কর্মীদের বেতন / ভাতাদি / সম্মানী (যদি থাকে)<br>খ) আসবাবপত্র ক্রয়<br>গ) জ্বালানী / বিদ্যুৎ খরচ<br>ঘ) পত্রিকা ক্রয়<br>ঙ) বই ক্রয়<br>চ) অন্যান্য | <br>ক)<br>খ)<br>গ)<br>ঘ)<br>ঙ)<br>চ) |
| ১৮. | গ্রন্থাগারের সীলমোহর<br>আবেদনের তারিখ ..........................<br><br>(আবেদনে স্বাক্ষরকারীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে)। | এই মর্মে অঙ্গীকার করছি যে, উপর্যুক্ত তথ্যাদি সম্পূর্ণ সত্য, এ সম্পর্কে কোনো প্রশ্ন উত্থাপিত হলে আমি দায়বদ্ধ থাকব।<br><br>স্বাক্ষর<br>আবেদনকারীর নাম পদবী ও সীল<br>মোবাইল :........................... |
| ১৯. | ক) প্রত্যয়ন<br>১. জেলা প্রশাসক কর্তৃক প্রত্যয়ন (মেট্রোপলিটন এলাকার জন্য)।<br>২. উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রত্যয়ন। | এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপর্যুক্ত গ্রন্থাগারটির অস্তিত্ব বর্তমান এবং কার্যক্রম সন্তোষজনক ও জনস্বার্থের সহায়ক।<br><br>স্বাক্ষর ও সীল<br>মোবাইল : |
| | খ) সুপারিশ<br>স্থানীয় মাননীয় সংসদ সদস্য / উপজেলা পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়রের সুপারিশ (প্রযোজ্য ক্ষেত্রে) | সুপারিশকৃত<br><br>স্বাক্ষর ও সীল<br>মোবাইল : |
| ২০. | প্রাপ্ত অনুদানে গৃহীতব্য কার্যক্রমের বিবরণ :<br>(প্রয়োজনে আলাদা কাগজ সংযুক্ত করুন) | ক) প্রাতিষ্ঠানিক উন্নয়ন বিষয়ক প্রস্তাবনা<br>খ) জাতীয় ব্যক্তিত্ব এবং দেশের উল্লেখযোগ্য সাংস্কৃতিক ব্যক্তিত্বের জীবন ও কর্ম বিষয়ে/ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে অনুষ্ঠান বিষয়ক প্রস্তাবনা। (স্থানীয় জনগোষ্ঠীকে সম্পৃক্ত করে বছরে ন্যূনতম দু'টি অনুষ্ঠানের প্রস্তাব করতে হবে) |

নিয়মাবলি :

(ক) অনুদান প্রাপ্তির উদ্দেশ্যে ০৭-১১-২০১৯ তারিখের মধ্যে এই 'আবেদন ফরম' যথাযথভাবে পূরণ করে সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ভবন-৬, ১০ম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ এই ঠিকানায় প্রেরণ করতে হবে। এ সময় কোনোভাবেই বর্ধিত করা হবে না;

(খ) প্রয়োজনে পূরণকৃত এই ফরমের সঙ্গে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে;

(গ) কোনো শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মক্তব, মন্দির ও এতিমখানা এবং এনজিও কর্তৃক পরিচালিত গ্রন্থাগার আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে না;

(ঘ) আবেদনের সপক্ষে তথ্য-প্রমাণাদি সংযুক্ত করতে হবে;

(ঙ) পূরণকৃত নির্ধারিত ফরমের ফটোকপি গ্রহণযোগ্য নয়;

(চ) গ্রন্থাগারের ব্যাংক হিসাব নম্বরের অনুকূলে প্রাপ্ত অনুদানের চেক প্রদান করা হবে বিধায় ব্যাংক হিসাব সম্পর্কিত তথ্য সঠিকভাবে উল্লেখ করতে হবে; অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। গ্রন্থাগারটি যে উপজেলায় অবস্থিত সে উপজেলার ব্যাংক ব্যতীত অন্য উপজেলার ব্যাংক হিসাব নম্বর গ্রহণযোগ্য নয়;

(ছ) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে;

(জ) অনুদান প্রাপ্তির লক্ষ্যে কোনো প্রকার তদবির, ব্যক্তিগত যোগাযোগ কর্তৃপক্ষের গোচরীভূত বা প্রমাণিত হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) আবেদন ফরম সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.moca.gov.bd, তথ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.moi.gov.bd এবং জাতীয় গ্রন্থকেন্দ্রের ওয়েবসাইট www.nbc.org.bd-এ পাওয়া যাবে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং জাতীয় গ্রন্থকেন্দ্র থেকে আবেদন ফরমের হার্ডকপি সরবরাহ করা হবে না;

(ঞ) নির্ধারিত তারিখের পর প্রাপ্ত এবং অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

(ট) কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোনো শর্ত পরিবর্তন, পরিবর্ধন এবং সংশোধন করার এখতিয়ার সংরক্ষণ করেন।